

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১০৫.১৫/১৪৪৯—যেহেতু আপনি জনাব আনোয়ার হোসেন তাতারী, খোকসা পৌরসভায় মেয়র পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন; এবং

যেহেতু, আপনার বিবৃক্ষে খোকসা থানার মামলা নং ০২, তারিখ: ২৪-০২-২০১৪, ধারা ১৪৩/৩৪১/৩২৩/৩৭৯/৩৮৫ পিসি ও জিআর ১৫/১৪, অভিযোগপত্র নং ০৮, তারিখ: ২৯-০১-২০১৫ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ার বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থী/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন না হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০১০ এর ৩১(১) ধারা মোতাবেক পৌর মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত যোগ্য; এবং

যেহেতু, বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থী/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, এরপ অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ার কারণে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩১(১) বিধান মতে পৌরসভার মেয়র-কে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে; এবং

যেহেতু, জনাব আনোয়ার হোসেন তাতারী, মেয়র, খোকসা পৌরসভা, কুষ্টিয়া-কে সরকার সাময়িকভাবে বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

(৭০৮৯)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা)(সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক কুষ্টিয়া জেলার খোকসা পৌরসভার মেয়র জনাব আনোয়ার হোসেন তাতারী-কে খোকসা পৌরসভার মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আনিচুজ্জামান  
সহকারী সচিব।